

## India strongly condemns the terrorist attack on Sayed al-Shuhada Girls school in Kabul

May 09, 2021

### কাবুলের সায়েদ আল-শুহাদা বালিকা বিদ্যালয়ে সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানায় ভারত

মে 09, 2021

পবিত্র রমজান চলাকালীন গতকাল কাবুলের সায়েদ আল-শুহাদা বালিকা বিদ্যালয়ে সন্ত্রাসী হামলায় ৫০ জনের বেশী নিরীহ ছাত্রীর প্রাণনাশের ঘটনায় তীব্র নিন্দা জানাচ্ছি আমরা। এই বর্বর আক্রমণে প্রাণ হারানো কিশোরীদের পরিবার এবং বন্ধুদের জন্য আমরা সমবেদনা ও ঈশ্বরের কাছে তাদের আত্মার শান্তির জন্য প্রার্থনা জানাই।

অল্প বয়সী ছাত্র ছাত্রীদের লক্ষ্যবস্তু করে তোলা মূলত আফগানিস্তানের ভবিষ্যতের উপর আক্রমণের নামান্তর। গত দুই দশক ধরে আফগানিস্তান যে কঠোর এবং কষ্টকর পরিশ্রমের মাধ্যমে সাফল্য অর্জন করেছে দুষ্কৃতীরা স্পষ্টতই তা ধ্বংস করতে সচেষ্ট।

এই ঘটনায় আবারও প্রমাণ হয় যে, শান্তি প্রক্রিয়া আর অর্থবহ ও স্থিতিশীল করে তোলার জন্য সন্ত্রাসীদের আশ্রয়স্থলগুলি ভেঙে ফেলা এবং দেশব্যাপী একটি সর্বাঙ্গীণ যুদ্ধবিরতির তাৎক্ষণিক প্রয়োজনীয়তা কতটা জরুরি।

ভারত সর্বদা আফগান যুবসমাজের শিক্ষাব্যবস্থার সাহায্য করেছে এবং ভবিষ্যতেও আফগানিস্তানের অগ্রগতি ও উন্নয়নে সহায়তা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকবে।

নিউ দিল্লি

মে 09, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.